# প্রেস রিলিজ

**ঢাকা, ১৫ আগস্ট, ২০২৩**

## জাতীয় শোক দিবস উপলক্ষে দোয়া মাহফিল আয়োজন করে সমাজসেবা অধিদপ্তর

আজ ১৫ আগস্ট ২০২৩ জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮তম শাহাদত বার্ষিকী যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালন করেছে সমাজসেবা অধিদপ্তর। দিবস উপলক্ষে আগারগাঁওস্থ সমাজসেবা অধিদপ্তর মিলনায়তনে এক দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

০২. জাতীয় শোক দিবস উপলক্ষে আয়োজিত এ দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মোঃ জাহাঙ্গীর আলম।

০৩. সকাল ৯:০০ টায় সমাজসেবা অধিদপ্তরে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মধ্যদিয়ে জাতীয় শোক দিবসের কার্যক্রম শুরু হয়। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ জাহাঙ্গীর আলম এর নেতৃত্বে বঙ্গবন্ধু প্রতিকৃতিতে প্রথম পুষ্পস্তবক অর্পণ করা হয়।

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থার পক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) ড. আবু সালেহ মোস্তফা কামাল এর নেতৃত্বে পুষ্পস্তবক অর্পণ করে সমাজসেবা অধিদপ্তর। পুষ্পস্তবক অর্পণে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের পক্ষে নেতৃত্ব প্রদান করেন ব্যবস্থাপনা পরিচালক মোঃ রুহুল আমিন খান, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের পক্ষে নেতৃত্ব প্রদান করেন নির্বাহী সচিব মোঃ শহিদুল ইসলাম, শেখ জায়েদ বিন সুলতান আল নাহিয়ান ট্রাস্ট (বাংলাদেশ) এর পক্ষে নেতৃত্ব প্রদান করেন নির্বাহী পরিচালক আ. স. ম হাসান আল আমিন, শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, মৈত্রী শিল্প এর পক্ষে নেতৃত্ব প্রদান করেন নির্বাহী পরিচালক মোঃ সেলিম খান, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট এর পক্ষে নেতৃত্ব প্রদান করেন ব্যবস্থাপনা পরিচালক মোঃ শাহ আলম, বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিলের পক্ষে নেতৃত্ব প্রদান করেন নির্বাহী সচিব জনাব সৈয়দ মেহদী হাসান, বাংলাদেশ সমাজসেবা অফিসার্স এসোসিয়েশন পক্ষে নেতৃত্ব প্রদান করেন মহাসচিব জনাব মোঃ সাফায়েত হোসেন তালুকদার এবং বাংলাদেশ সমাজসেবা কর্মচারী কল্যাণ সমতির পক্ষে পক্ষে নেতৃত্ব প্রদান করেন সমিতির প্রশাসক জনাব মোস্তাফা মাহমুদ সারোয়ার। পুষ্পস্তবক অর্পণ শেষে সমাজসেবা অধিদপ্তর প্রাঙ্গণে একটি গাছের চারা রোপন করেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ জাহাঙ্গীর আলম।

০৪. পুষ্পস্তবক অর্পণ শেষে জাতির পিতা ও তাঁর পরিবারের শহীদ সদস্যদের মাগফেরাত ও মাননীয় প্রধানমন্ত্রীসহ পরিবারের অন্যান্য সদস্যদের দীর্ঘায়ু কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। দোয়া পরিচালনা করেন সমাজসেবা অধিদপ্তরের জামে মসজিদের পেশ ইমাম হাফেজ মোঃ ইউসুফ আল মাদানী।

এখানে উল্লেখ্য আগামী ২২ আগস্ট ২০২৩ আজ ১৫ আগস্ট ২০২৩ জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮তম শাহাদত বার্ষিকী উপলক্ষে সমাজসেবা অধিদপ্তর মিলনায়তনে বিশেষ আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী বীরমুক্তিযোদ্ধা নুরুজ্জামান আহমেদ এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী বীরমুক্তিযোদ্ধা আশরাফ আলী খান খসরু এমপি ও সমাজকল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি বীরমুক্তিযোদ্ধা জনাব রাশেদ খান মেনন এমপি।

১৫/৮/২০২৩

আদিল মোত্তাকীন
উপপরিচালক
(গবেষণা, মুল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ)
সমাজসেবা অধিদফতর
ফোন: ০২ ৪৮১১৮৫৬৫
ই-মেইল: director-admin@dss.gov.bd

বার্তা সম্পাদক/এস্যাইনমেন্ট এডিটর/চীফ রিপোর্টার

......................................

CamScanner